

জাত পরিচিতি

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট পরীক্ষা নিরীক্ষা করে উচু জমি এবং সেচ সুবিধা ভালো এমন জমির জন্য ব্রি ধান৫০ অনুমোদন করেছে। এটি ২০০৮ সালে বোরো মৌসুমে চাষাবাদের জন্য ব্রি ধান৫০ নামে জাতীয় বীজ বোর্ডের অনুমোদন লাভ করে। এ জাতের জনপ্রিয় নাম বাংলামতি। এটি বোরো মৌসুমের একমাত্র সুগন্ধিযুক্ত আধুনিক জাত।

জাতের বৈশিষ্ট্য

- ▶ গাছের উচ্চতা ৮২ সেন্টিমিটার।
- ▶ গাছ হেলে পড়ে না।
- ▶ চাল লম্বা, চিকন, সুগন্ধি ও সাদা।
- ▶ ভাত বারবারে।



ব্রি ধান৫০

এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

এ জাতের চালে সুগন্ধি আছে এবং চালের মান বাসমতির মত। ধান ও চাল সহজেই দৃষ্টি আকর্ষণ করে। তবে চাউল তৈরীর ক্ষেত্রে বিশেষ পদ্ধতি এবং সতর্কতা অবলম্বন করতে হবে।

জীবনকাল

এ জাতের জীবনকাল বীজ বপন থেকে পাকা পর্যন্ত ১৫৫ দিন।

ফলন

ফলন হেক্টরপ্রতি ৬.০ টন।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন : ১-২০ অগ্রহায়ণ (১৫ নভেম্বর - ৪ ডিসেম্বর)।
২. রোপণের সময় : ১০ পৌষ - ৩০ পৌষ (জানুয়ারি)।

৩. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

ইউরিয়া টিএসপি এমপি জিপসাম দস্তা
৩০-৪০ ৭-১৪ ৮-১৬ ৪-১১ ০.৭-১.০

৩.১ ইউরিয়া সার তিন কিস্তিতে প্রয়োগ করতে হবে।

প্রথম উপরি প্রয়োগ : রোপণের ১৫-২০ দিন পর।

দ্বিতীয় উপরি প্রয়োগ : রোপণের ৩৫-৪০ দিন পর। ইউরিয়া প্রয়োগের পর সার মাটির সাথে মিশিয়ে দিতে হবে।

তৃতীয় উপরি প্রয়োগ : রোপণের ৫০-৫৫ দিন পর।

৩.২ ইউরিয়া প্রয়োগের সঠিক সময় নির্ণয়ের জন্য লিফ কালার চার্ট ব্যবহার করতে হবে।

৪. আগাছা দমন : রোপণের ৪৫ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৫. সেচ ব্যবস্থাপনা : দুধ অবস্থা পর্যন্ত জমিতে প্রয়োজন মাফিক পানি রাখতে হবে।

৬. ফসল কাটা : ১৫-২৫ বৈশাখ (২৮ এপ্রিল - ৮ মে)।

মন্তব্যঃ

ধান উপযুক্ত সময়ে কর্তন ও মাঠ থেকে পরিবহনে সতর্কতা অবলম্বন করতে হবে।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@bri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যাঙ্ক শীট ১৩